## পোল্যান্ডের রোক্ল বিশ্ববিদ্যালয়ে সমাজ বিজ্ঞান অধ্যয়ন কেন করবেন?

রোক্ল বিশ্ববিদ্যালয়ে (UWr) আধুনিকতার সাথে ঐতিহ্যের সমন্বিত করে গবেষণা এবং অধ্যয়ন পরিচালনার জন্য সহায়ক পরিবেশ তৈরি করে। মধ্য ইউরোপের প্রাচীনতম বিশ্ববিদ্যালয়গুলির মধ্যে রোক্ল বিশ্ববিদ্যালয় একটি। 2019 সালে এটি "এক্সিলেন্স ইনিশিয়েটিভ - গবেষণা বিশ্ববিদ্যালয়" প্রতিযোগিতার বিজয়ী ছিল।

রোক্ল বিশ্ববিদ্যালয়ে শহর জুড়ে ছড়িয়ে থাকা বেশ কয়েকটি আধুনিক ক্যাম্পাস এবং ওডার নদীর তীরে অবস্থিত বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের একটি নতুন নির্মিত ভবন রয়েছে। পোল্যান্ডের বিদেশী শিক্ষার্থীদের দ্বারা এটি তৃতীয় সর্বাধিক নির্বাচিত বিশ্ববিদ্যালয় এবং শিক্ষার মানের দিক থেকে একটি সেরা।

### UWr সংখ্যা দ্বারা:

- 1400 বিদেশী সহ, 25 500 শিক্ষার্থী
- 3500 জন কর্মচারী যার মধ্যে 2000 জন একাডেমিক শিক্ষক, 465 জন শিক্ষক সম্পূর্ণ অধ্যাপক
- 300 বছরেরও বেশি ঐতিহ্য
- 11 জন নোবেল পুরস্কার বিজয়ীরা আমাদের বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করেছেন
- প্রায় 300 বৈজ্ঞানিক ইউনিট, 20 টিরও বেশি ল্যাবরেটরি এবং 160 টি ওয়ার্কশপ।

রোক্ল বিশ্ববিদ্যালয়ের মধ্যে **ফ্যাকাল্টি অফ সোশ্যাল সাইন্সেস** রাজনীতি, সমাজ, আন্তর্জাতিক সম্পর্ক, ইউরোপীয় ইউনিয়ন, আন্তর্জাতিক সুরক্ষা, সামাজিক যোগাযোগ, মিডিয়া এবং দর্শনের পড়াশোনার একটি প্রাণবন্ত কেন্দ্র। রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, আন্তর্জাতিক সম্পর্ক, সামাজিক যোগাযোগ, দর্শন, ইউরোপীয় স্টাডিজ, অর্থনীতি, আইন, মিডিয়া স্টাডিজ এবং সাংবাদিকতার মতো ক্ষেত্রগুলির জ্ঞানের সমন্বয়ে আমরা দশটি উদ্ভাবনী এবং বহু-বিভাগীয় ইংরেজী ভাষার প্রোগ্রাম উপস্থাপনা করি। আপনি ব্যাচেলর প্রোগ্রাম, মাস্টার্স প্রোগ্রাম বা ডক্টরাল স্কুল বেছে নিতে পারেন।

ফ্যাকাল্টি অফ সোশ্যাল সাইন্সেস-এ অধ্যয়ন আপনাকে রাজনীতি, আন্তর্জাতিক সম্পর্ক, সামাজিক পরিবর্তন, অর্থনীতি ও অর্থনীতি সমকালীন বিশ্বের পরিচালনা পদ্ধতিগুলি বিশ্লেষণ করতে শেখাবে। আপনি সংগঠন পরিচালনার ভিত্তি,

আন্তঃসাংস্কৃতিক যোগাযোগ এবং মিডিয়া এবং কূটনীতির নিয়ম সম্বন্ধে জানতে পারবেন।

আপনি বিভিন্ন বৈজ্ঞানিক শাখার গবেষণা পদ্ধতিগুলি একত্রে কাজে লাগাতে শিখবেন। আপনি আন্তর্জাতিক এবং সামাজিক ক্ষেত্রে সর্বাধিক গুরুত্বপূর্ণ ইভেন্টগুলি সম্বন্ধে অবগত থাকবে এবং আপনি সেগুলি বিশ্লেষণ করতে এবং তার প্রভাবগুলি পূর্বাভাস করতে সক্ষম হবেন।

আমরা আপনাকে আপনার বৈজ্ঞানিক বিকাশ, আপনার ক্যারিয়ার পরিকল্পনা এবং আপনার নিজস্ব স্বার্থ অনুসরণে সহায়তা করব। একটি নতুন পরিবেশে নিজেকে মানিয়ে নিতে সহায়তার সাথে পরামর্শদাতা অধিবেশন ও শিক্ষকদের সঙ্গে পৃথক আলোচনা সুযোগ আছে আপনার জন্য। ফ্যাকাল্টি অফ সোশ্যাল সাইন্সেস-এ পড়াশোনা করে জাতীয় ও আন্তর্জাতিক স্তরের সরকারী প্রতিষ্ঠান, সরকারী ও বেসরকারী সংস্থা, আন্তর্জাতিক বাণিজ্য, ব্যবসা, বহুজাতিক কর্পোরেশন এবং মিডিয়াতে ক্যারিয়ার শুরু করতে পারবেন। আমাদের স্নাতকরা স্বীকৃতিপ্রাপ্ত বিশেষজ্ঞ, সাংবাদিক, বিশ্লেষক, বিশেষজ্ঞ, রাজনীতিবিদ এবং ব্যবসায়িক পরামর্শদাতা ভূমিকায় আন্তর্জাতিক সহযোগিতা সমর্থন করে।

রোক্ল-তে কেন পড়াশোনা করবেন?

ওডার নদীর তীরে অবস্থিত অপূর্ব সুন্দর শহর রোক্ল, এটা পোল্যান্ডে বসবাস অন্যতম সেরা জায়গা। এটি জনসংখ্যার দিক থেকে পোল্যান্ডের চতুর্থ বৃহত্তম শহর যেখানে বেকারত্বের হার নিম্নতম, মাত্র 1.9% (জানুয়ারী 2020 পর্যন্ত)। বৃহত্তম আন্তর্জাতিক কর্পোরেশনগুলির কয়েক ডজন শাখা এখানে স্থানীয় বাজারে কাজ করে: Google, McKinsey, Credit Suisse, UBS, BNY Mellon, IBM, Deloitte, HP, Capgemini, Volkswagen Motor, LG এবং আরও অনেকগুলি। এছাড়াও অনেক কূটনৈতিক প্রতিনিধিত্ব এবং রাজনৈতিক প্রতিষ্ঠানের অফিস এখানে রয়েছে - উদাহরণস্বরূপ ইউরোপীয় সংসদের প্রতিনিধিত্ব এবং ইউরোপীয় কমিশনের আঞ্চলিক প্রতিনিধিত্ব।

ইউরোপীয় রাজধানী শহরগুলিতে যাওয়ার জন্য রোক্ল একটি দুর্দান্ত সূচনা কেন্দ্র। এখান থেকে বার্লিন, প্রাগ বা ওয়ার্সার মাত্র 300 কিলোমিটার দূরে, ট্রেনে করে যাওয়া খুবই সহজ। তদুপরি, বাস বা ট্রেনে সুডেসে পৌঁছাতে মাত্র 1.5 ঘন্টা সময় লাগে, এটি সমুদ্রপৃষ্ঠ থেকে 1000 মিটার উচ্চতার একটি সুদৃশ্য পর্বতমালা।

**ফ্যাকাল্টি অফ সোশ্যাল সাইন্স এ পড়াশোনা করে আপনি কি কি সুযোগ পেতে পারেন?**

আপনি সামাজিক বিজ্ঞানের ক্ষেত্রে 10 উদ্ভাবনী এবং বহুবিজ্ঞান বিশেষত্ব ক্ষেত্র থেকে চয়ন করতে পারেন। তদুপরি আপনার কাছে ইউরোপীয় প্রোগ্রাম ইরাসমাস+ ( Erasmus+) এর মধ্যে অসাধারণ সম্ভাবনাগুলি সুযোগ নিতে পারবেন। আমাদের বিশ্ববিদ্যালয় প্রদত্ত প্রতিটি বিশেষত্ব ক্ষেত্রে আপনি আন্তর্জাতিক এক্সচেঞ্জের বিকল্প থেকে উপকৃত হতে পারেন এবং অন্য ইউরোপীয় বিশ্ববিদ্যালয়ে একটি সেমিস্টার কাটাতে পারেন বা 5 মাসের বেতনভুক্ত ইন্টার্নশিপের জন্য আবেদন করতে পারেন।

## BA - Bachelor Programmes (3 years):

## বিএ – ব্যাচেলর প্রোগ্রাম (3 বছর):

### আন্তর্জাতিক সম্পর্ক – গ্লোবাল স্টাডিজ বিএ

গ্লোবাল স্টাডিজ পোলিশ এবং ইউরোপীয় স্তরে একটি অনন্য প্রোগ্রাম। এই প্রোগ্রামটি বিশ্বায়ন প্রক্রিয়া বিশ্লেষণের ওপর কেন্দ্রীভূত র উদ্দেশ্য হল স্থানীয় এবং বৈশ্বিক ঘটনাগুলির মধ্যে আন্তঃনির্ভরতা বোঝার দক্ষতা শিক্ষার্থীদের শেখানো। এই প্রোগ্রামের কোর্সগুলো মধ্যে অন্তর্ভুক্ত আছে সমসাময়িক আন্তর্জাতিক সম্পর্ক, বিশ্বায়নের ইতিহাস, রাজনৈতিক ও অর্থনৈতিক ভূগোল, বৈশ্বিক পরিবেশ ও এনার্জি চ্যালেঞ্জ, ইউরোপীয় সংহতকরণ, আন্তর্জাতিক সুরক্ষা, জনসংখ্যাতাত্ত্বিক চ্যালেঞ্জ, রাষ্ট্র ও আইন তত্ব, সমসাময়িক মহানগরের উন্নয়ন, সামষ্টিক অর্থনীতি, ব্যষ্টিক অর্থনীতি, কূটনীতি এবং অন্যান্য অনেক বিষয়।

### রাষ্ট্রবিজ্ঞান (পলিটিকাল সাইন্স) বিএ

রাষ্ট্রবিজ্ঞান একটি বিশেষত্ব যা আপনাকে বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক প্রক্রিয়া সম্পর্কে বিস্তৃত এবং সুসংহত জ্ঞান দেবে। আপনি সর্বাধিক গুরুত্বপূর্ণ রাজনৈতিক মতবাদগুলি শিখবেন এবং কিভাবে বিভিন্ন সময়ের ঐতিহাসিক ঘটনাগুলি বিশ্ব শাসনকে রূপ দিয়েছে তা শিখেন। আপনি জনজীবনের সর্বাধিক গুরুত্বপূর্ণ দিকগুলি এবং কৌশলগুলি বুঝতে এবং বিশ্লেষণ করতে শিখবেন পাশাপাশি রাজনৈতিক মার্কেটিং সামাজিক যোগাযোগ, কূটনীতি এবং সংগঠনগুলির পরিচালনার টুল ব্যবহার করতে শিখবেন। অধ্যয়নের তৃতীয় বছরে আপনি এই চারটি বিশেষত্বের মধ্যে একটি চয়ন করতে পারেন, যার কারণে আপনি নির্বাচিত ক্ষেত্রে আপনার জ্ঞান আরও প্রগাঢ় হয় উঠবে এবং আপনার পেশাগত কর্মজীবনে সাহায্য করবে। বিশেষত্বগুলি হচ্ছে: মিডিয়া এবং রাজনীতি; তুলনামূলক রাজনীতি; বিশ্ব সুরক্ষা; বিশ্বের মধ্যে ইউরোপ।

## এমএ - মাস্টার প্রোগ্রাম (2 বছর)

ইউরোপিয়ান স্টাডিজ এমএ

ইউরোপিয়ান স্টাডিজ প্রোগরামটি আঞ্চলিক নীতি এবং জনসাধারণ পরিচালনার প্রসঙ্গে ইউরোপীয় ইউনিয়নের কার্যকারিতা অন্বেষণের ওপরে আধারিত। এই প্রোগ্রামটি উদ্দেশ্য হল শিক্ষার্থীদের ইউরোপীয় সম্প্রদায়ের পরিচালনা, ইইউ সংক্রান্ত নিয়মাবলী এবং জননীতি সম্পর্কে শিখার্থদের জ্ঞান বৃদ্ধি করা ও তাদের বিশ্লেষণ করার জন্য প্রয়োজনীয় দক্ষতা উন্নত করা। শিক্ষার্থীরা ওয়ার্কশপ, সেমিনার এবং বিশেষজ্ঞদের সাথে আলোচনায় অংশগ্রহন করে।

এই প্রোগ্রামের কোর্সগুলো মধ্যে অন্তর্ভুক্ত আছে ইতিহাস এবং ইউরোপীয় সংহত তত্ব, ইইউ-এর আন্তর্জাতিক সম্পর্ক, আঞ্চলিক উন্নতি, ইইউ আইন, ইইউ প্রতিষ্ঠানের কার্যক্রম, অভ্যন্তরীণ সুরক্ষা, বৈদেশিক এবং অর্থনৈতিক নীতি এবং বর্তমানে ইউরোপীয় ইউনিয়নের মূল চ্যালেঞ্জগুলি। শিক্ষার্থীরা ইরেসমাস( Erasmus), আইএসইপি( ISEP) এবং সিইইপাস( CEEPUS) প্রোগ্রামের এর জন্য এক সেমিস্টার বিদেশে অতিবাহিত করে।

### গ্লোবাল কমিউনিকেশন এমএ

গ্লোবাল কমিউনিকেশন প্রোগ্রামটি বিশ্বব্যাপী দৃষ্টিকোণে সামাজিক যোগাযোগের জ্ঞানকে গভীরতর করার দিকে কেন্দ্রীভুত। শিক্ষার্থীরা বিভিন্ন কোর্সে অংশগ্রহণ করেন যেমন গ্লোবাল মিডিয়া, ইন্টারন্যাশনাল স্টাডি, মিডিয়া বিশ্লেষণ, গ্লোবাল বিসনেস, জনসংযোগ, মিডিয়া আইন, মানবাধিকার, জন কূটনীতি, ক্রাইসিস কমিউনিকেশন, কৌশলগত যোগাযোগ, কর্পোরেট যোগাযোগ ইত্যাদি কিছু ক্লাস যেমন সৃজনশীল লেখা, মার্কেটিং, বা মিডিয়া বিশ্লেষণ, এগুলি খুবই ব্যবহারিক। গ্লোবাল কমিউনিকেশন বিষয়ক অধ্যয়ন মিডিয়া, ব্যবসা, জনসংযোগ সংস্থা, আন্তর্জাতিক মানবিক সংস্থা, বেসরকারী সংস্থাগুলি এবং পাবলিক সেক্টরে কাজের জন্য শিক্ষার্থীদের প্রস্তুত হতে সাহায্য করে।

### আন্তর্জাতিক সম্পর্ক - গ্লোবাল স্টাডিজ এমএ

গ্লোবাল স্টাডিজ বিশ্বায়ন প্রক্রিয়া বিশ্লেষণ এবং আন্তর্জাতিক সম্পর্কের উপর এর প্রভাবের উপর কেন্দ্রিত একটি অনন্য প্রোগ্রাম। এই কোর্সের উদ্দেশ্য হল শিক্ষার্থীদের স্থানীয় এবং বৈশ্বিক ঘটনাগুলির মধ্যে আন্তঃনির্ভরতা বোঝার দক্ষতা উন্নত করা। এই প্রোগ্রামের কোর্সগুলো মধ্যে অন্তর্ভুক্ত আছে আন্তর্জাতিক সম্পর্ক তত্ব, বিশ্বায়ন ও আঞ্চলিকীকরণ, উন্নয়ন অর্থনীতি, মানবাধিকার, আন্তর্জাতিক পরিবেশ সুরক্ষা, আন্তর্জাতিক অর্থনৈতিক লেনদেন, আন্তর্জাতিক সুরক্ষা, জননীতি ইত্যাদি, শিক্ষার্থীরা ওয়ার্কশপ, সেমিনার এবং বিশেষজ্ঞদের সাথে আলোচনায় অংশ নেয়।

## সমাজবিজ্ঞান – আন্তঃসংস্কৃতিক মধ্যস্থতা এমএ

আন্তঃসাংস্কৃতিক মধ্যস্থতা অধ্যয়নের প্রোগ্রামটি মূলত স্থানীয়, আঞ্চলিক এবং বৈশ্বিক সংস্কৃতির সংস্করণ এবং বহুসংস্কৃতির পরিণামের বিশ্লেষণের উপর কেন্দ্রীভূত। শিক্ষার্থীরা বিভিন্ন কোর্সে অংশগ্রহণ করেন যেমন সংস্কৃতি এবং বহুসংস্কৃতির সমাজবিজ্ঞান, সমাজবিজ্ঞানের মূল দৃষ্টান্ত, শ্রম বাজার (মার্কেট লেবার), সামাজিক পরিবর্তন এবং বিশ্বায়নের সমাজবিজ্ঞান, অভিবাসন প্রক্রিয়াগুলির সাংস্কৃতিক কারণ, জাতির সমাজবিজ্ঞান, জাতিগত গোষ্ঠী এবং সভ্যতা, আন্তঃসাংস্কৃতিক যোগাযোগ, মধ্যস্থতা, দ্বন্দ্ব ব্যবস্থাপনা (কনফ্লিক্ট ম্যানেজমেন্ট) এবং আরও অনেক কিছু। কিছু ক্লাস খুবই ব্যবহারিক যেমন শিক্ষার্থীরা সামাজিক সংহতকরণ এবং আন্তঃসাংস্কৃতিক সহযোগিতা বিষয় কাজ করে এমন স্থানীয় সংস্থাগুলি পরিদর্শন করে এবং মধ্যস্থতা প্রক্রিয়াগুলিতে অংশ নেয়। এই ক্লাসগুলির উদ্দেশ্য হ'ল গবেষক এবং অনুশীলনকারীদের আন্তঃসাংস্কৃতিক যোগাযোগ, মধ্যস্থতাকারী এবং আলোচকদের প্রশিক্ষণ দেওয়া। ইরেসমাস মুন্ডাস মিত্র (Erasmus Mundus MITRA)প্রোগ্রামের সহযোগিতায় এই প্রোগ্রামটি পরিচালিত হয়।

## রাষ্ট্রবিজ্ঞান(পলিটিকাল সাইন্স) এমএ

চারটি সেমিস্টার ব্যাপী এর পড়াশোনা চলে: সমস্ত শিক্ষার্থীর জন্য একটি সেমিস্টার প্রোগ্রাম এবং তিনটি সেমিস্টারে বিশেষ বিষয় পড়াশোনা। আপনি তত্ত্ব, সমাজবিজ্ঞান এবং রাজনীতি দর্শন, রাজনৈতিক মনোবিজ্ঞান, রাজনৈতিক প্রতিষ্ঠানের ইতিহাস, ইউরোপীয় আইন ইত্যাদি বিষয়ে কোর্সে অংশগ্রহণ করতে পারবেন এবং বিশেষায়িত কোর্সে (স্পেশালিটি কোর্স), নির্বাচিত শিক্ষার বিষয়ের উপর নির্ভর করে। এই অধ্যয়নের পাঠ্যক্রমটিতে ব্যবহারিক কোর্সও রয়েছে যেমন আলোচনার শিল্প, রাজনীতিতে সিদ্ধান্ত নেওয়া, যোগাযোগ, এবং রাজনৈতিক গবেষণা পদ্ধতি।

দুই বছরের কর্মসূচির মধ্যে আপনি নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলির মধ্যে একটি চয়ন করতে পারেন: লোকনীতি (পাবলিক পলিসি); রাজনৈতিক যোগাযোগ; জন প্রশাসন (জর্জিয়ান ইনস্টিটিউট অফ পাবলিক অ্যাফেয়ার্সের সাথে যৌথভাবে পরিচালিত); ইউরোপ এবং ককেশাসে গণতন্ত্র ও বিকাশ (জর্জিয়ান ইনস্টিটিউট অফ পাবলিক অ্যাফেয়ার্সের সাথে যৌথভাবে পরিচালিত); কেন্দ্রীয় এবং পূর্ব ইউরোপীয় স্টাডিজ (বুখারেস্টে বিশ্ববিদ্যালয়ের সাথে যৌথভাবে পরিচালিত)।

## পিএইচডি প্রোগ্রাম

সমাজ বিজ্ঞানে শিক্ষা একাডেমিক কেরিয়ার শুরু করার এবং দর্শন, সমাজবিজ্ঞান বা রাজনৈতিক ও প্রশাসনিক বিজ্ঞান বিভাগে পিএইচডি ডিগ্রি অর্জনের সুযোগ দেয়। ফ্যাকাল্টি অফ সোশ্যাল সাইন্সেস এর ডক্টরাল স্কুলটিতে ইংরেজি ভাষা ব্যবহৃত হয় এবং সমস্ত সফল আবেদনকারীদের জন্য বৃত্তি প্রদান করা হয়। আরও জানতে: http://phd.wns.uni.wroc.pl/en/

## বিএ বা এমএ প্রোগ্রামে পড়াশোনা করার জন্য আমার কি করা দরকার?

আমাদের প্রোগ্রামগুলি পোলিশ নাগরিক, ইউরোপীয় ইউনিয়নের নাগরিকদের পাশাপাশি নন-ইইউ প্রার্থীদের জন্য উপলব্ধ। কোনও বয়সের সীমা নেই।

বিএ প্রোগ্রামে অধ্যয়নের জন্য আপনার কাছে মাধ্যমিক বিদ্যালয়ের সার্টিফিকেট থাকতে হবে।

এমএ প্রোগ্রামে অধ্যয়ন করতে আপনার ব্যাচেলর বা স্নাতকোত্তর (মাস্টার্স) ডিগ্রি থাকতে হবে।

তদুপরি, আপনার ইংরেজী জ্ঞান ভালো হওয়া উচিত (লেভেল B2) এবং আপনার দক্ষতা নিশ্চিত করার জন্য একটি সার্টিফিকেট জমা করুন (IELTS স্কোর 5.5 - 6, TOEFL স্কোর 550 বা অন্যান্য পরীক্ষা; যারা ইংরেজি ভাষায় নিজের ব্যাচেলর প্রোগ্রাম পড়েছেন বা যাদের মাতৃভাষা ইংরেজি তাদের জন্য এই প্রয়োজনীয়তা প্রযোজ্য নয়)।

**দয়া করে মনে রাখবেন, এই লিফলেটটি কেবল তথ্যের জন্য। আমাদের অফার, প্রয়োজনীয়তা এবং টিউশন ফি সম্পর্কে সম্পূর্ণ বিবরণ নিম্নলিখিত ওয়েবসাইটগুলিতে ইংরেজি বা পোলিশ ভাষায় উপলব্ধ:**

www.studysocialsciences.uni.wroc.pl

https://international.uni.wroc.pl/en